কোন সদকার সাওয়াব সবেচেয়ে বড়? তিনি বললেন: সুস্থ ও সম্পদের প্রতি আকাঙ্খী থাকাবস্থায় সদকা করা। যখন তুমি অভাবী হওয়ার আশঙ্কা করবে এবং ধনী হওয়ারও আশা রাখবে। তুমি ততক্ষণ অপেক্ষা করবে না যে, যখন তোমার গলার কাছে রূহ পৌঁছে যাবে, তখন বলবে অমুকের জন্য এত,অমুকের জন্য এত।অথচ অমুকের জন্য হয়েই গেছে।

আবু হুরায়রা রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের নিকট একজন লোক এসে বলল, হে আল্লাহ রাসূল! কোন সদকার সাওয়াব সবেচেয়ে বড়? তিনি বললেন, “সুস্থ ও সম্পদের প্রতি আকাঙ্খী থাকাবস্থায় সদকা করা। যখন তুমি অভাবী হওয়ার আশঙ্কা করবে এবং ধনী হওয়ারও আশা রাখবে। তুমি ততক্ষণ পর্যন্ত অপেক্ষা করবে না
যে, যখন তোমার গলার কাছে রূহ পৌঁছে যাবে, তখন বলবে অমুকের জন্য এত ও অমুকের জন্য এত। অথচ অমুকের জন্য হয়েই গেছে।”
[সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

এক লোক নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের নিকট এসে জিজ্ঞেস করল, কোন সদকা সর্বোত্তম? তিনি তাকে বললেন, তুমি এমতাবস্থায় সদকা করবে যে, তোমার শরীর সুস্থ এবং তোমার নফস সম্পদের প্রতি আকাঙ্খী। যদি তুমি দীর্ঘ জীবি হও, তাহলে অভাবের আশঙ্কা কর এবং ধনী হওয়ারও আশা লালন কর। আর সদকাকে এত দেরী করো না যে, যখন তোমার নিকট মৃত্যু চলে আসে এবং তুমি মনে কর দুনিয়া ছেড়ে চলে যাচ্ছ, তখন বলবে, অমুকের জন্য এ পরিমাণ সম্পদ অথবা অমুকের জন্য এ পরিমাণ অসিয়ত করলাম এবং অমুকের জন্য এ পরিমাণ সম্পদ অথবা অসিয়ত। অথচ তখন তোমার সম্পদ তোমার ওয়ারিসের জন্য হয়ে গেছে। ইবনে উসাইমীন কর্তৃক রিয়াদুস সালেহীনের ব্যাখ্যা: (২/২৯-৩০), দালীলুল ফালেহীন: (২/৫২-৫৩)

http://sunnah.global/hadeeth/bn/show/4252